

# সমকাল

বৃহস্পতিবার | ১১ অক্টোবর ২০১২ | ২৬ আশ্বিন ১৪১৯ | ২৪ জিলকদ ১৪৩৩

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বিজনেস ক্লাব

## ত্রুণ উদ্যোক্তাদের বাতিঘর



রুবেল আহমেদ

একদল শিক্ষার্থীর ভাবনা যখন তার ক্যারিয়ার তখন সেই ভাবনাগুলো আরও একটু সহজ করতে অন্য শিক্ষার্থীদের পাশে এসে দাঁড়িয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের 'বিজ বি' ক্লাবের একদল সদস্য। আর সে ধারাবাহিকতায় গত ৩ অক্টোবর সংগঠনটি আয়োজন করে 'বাংলাদেশ দ্য নেটওয়ার্ক হট স্পট' নামক সম্মেলনের। তবে এবারের স্লোগানের সম্পর্কে

ক্লাবের বর্তমান সদস্য মুনতাসির বলেন, 'আমাদের দেশের প্রায় বেশির ভাগ শিক্ষার্থীই পড়াশোনা শেষ করে তার ক্যারিয়ার গড়া নিয়ে বিভিন্ন চিন্তায় ভুগছেন। তাই আমরা চেষ্টা করেছি আমাদের দেশের সম্ভাবনাময় নতুন শিল্পগুলোকে তুলে ধরার জন্য। কেননা পরিচিত শিল্পগুলোকেই শিক্ষার্থীরা বেশি প্রাধান্য দেন।

তবে নতুন শিল্পগুলোতেও রয়েছে ক্যারিয়ার গড়ার অপার সম্ভাবনা। যেমন\_সিমেন্ট শিল্প, ইলেকট্রনিক পণ্য, সিরামিকস পণ্য ও ওষুধ শিল্প। ক্লাবের আরেক সদস্য অপূর্ব বলেন, আমাদের এ আয়োজনে আমরা তুলে ধরেছি বর্তমান বিশ্ববাজারে বাংলাদেশের নতুন শিল্পগুলোর বর্তমান অবস্থা এবং এর সম্ভাবনা ও সমস্যার ব্যাপারগুলো। আর তাই এবারের আয়োজনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পমন্ত্রী দীলিপ বড়ুয়া। অনুষ্ঠানে শিল্পমন্ত্রী তুলে ধরেন শিল্পগুলোকে নিয়ে সরকারের চিন্তা ও ভবিষ্যৎ পরিকল্পনা কথা। আরও উপস্থিত ছিলেন ক্রাউন সিমেন্টের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, সাইনপুকুর সিরামিকসের চিফ অপারেটিং অফিসার রিজভী-উল কবির, ওয়ালটনের চিফ ইন্টারন্যাশনাল মার্কেটিং অফিসার লোকমান হোসেন আকাশ এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আকবর আলী খানসহ আরও অনেকেই। সঙ্গে ক্লাবের বর্তমান ও সাবেক সদস্যসহ আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের অন্য শিক্ষার্থীরাও। অনুষ্ঠানের উদ্দেশ্য সম্পর্কে আরও একটু যোগ করলেন ক্লাবের আরেক সদস্য সরোয়ার মাহমুদ\_ 'এ অনুষ্ঠানে আমরা রেখেছি প্রমোত্তর পর্ব। যেখানে একজন শিক্ষার্থী তার যে কোনো প্রসঙ্গে ভাগ করে নিতে পারছেন আমাদের অতিথিদের সঙ্গে। এতে করে অন্য শিক্ষার্থীরাও এখান থেকে উপকৃত হচ্ছেন।' মুনতাসির আরও জানান, আমাদের বক্তারা তাদের নিজ নিজ শিল্পগুলোকে তুলে ধরেছেন আমাদের সামনে, যা আমাদের বুঝতে আরও সহজ করে দিয়েছে। ঠিক একই কথা বললেন অনুষ্ঠানে অংশগ্রহণ করা ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাদিক।

তিনি জানান, আমাদের ক্যারিয়ার নিয়ে এ কাজের জন্য 'বিজ বি' ক্লাবের সদস্যদের জানাই আন্তরিক অভিনন্দন। কেননা এ রকম পদক্ষেপ আমার মতো প্রত্যেকটি শিক্ষার্থীরই প্রয়োজন। ক্লাবটি এ পর্যন্ত আয়োজন করেছে নানা ধরনের অনুষ্ঠানের। তবে এবারের আয়োজনটা একটু ভিন্ন বলেই মনে করেন অসুবিধে।

তাই তিনি জানান, এ রকম আয়োজনে আমরা সব সময়ই আমাদের কর্তৃপক্ষের সহযোগিতা পেয়ে আসছি। তাই আমরা এ রকম আরও আয়োজন করার জন্য প্রস্তুত এবং তা শিক্ষার্থীদের সঙ্গেই।

কারণ আমরা পথপ্রদর্শক হিসেবেই এগিয়ে যেতে চাই আমাদের পথে।